**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/20/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুউমো 31 অক্টোবরের তীব্র ঝড়ের গুরুতর বিপর্যয়ের প্রজ্ঞাপনের (DISASTER DECLARATION) জন্য ফেডারেল অনুমোদনের ঘোষণা দিলেন

***ঝড়-সংক্রান্ত ক্ষয়ক্ষতির জন্য 18টি কাউন্টিতে সরকারি সহায়তা মঞ্জুর করা হয়েছে***

***গভর্নর ব্যক্তিগত সহায়তা প্রোগ্রামের (Individual Assistance Program) অনুদানের জন্য জরুরি ব্যবস্থাপনার ফেডারেল এজেন্সি (Federal Emergency Management Agency, FEMA)-কে আহ্বান জানিয়েছেন***

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ 31 অক্টোবর এবং 1 নভেম্বর, 2019-এ সংঘটিত ভয়াবহ ঝড় ও তীব্র বন্যায় ক্ষতিগ্রস্থ হওয়া 18টি কাউন্টির জন্য ফেডারাল সরকার কর্তৃক একটি গুরুতর দুর্যোগ প্রজ্ঞাপন জারি করেছে বলে ঘোষণা দিয়েছেন। এই ঘোষণার মাধ্যমে, ঝড় পরবর্তী পরিস্থিতি মোকাবেলায় এবং অবকাঠামো ক্ষয়ক্ষতির কারণে 33 মিলিয়ন মার্কিন ডলার খরচ হবার স্টেট এবং স্থানীয় সরকারের যে আনুমানিক হিসেব সেটিকে জরুরি ব্যবস্থাপনার ফেডারেল এজেন্সি সমর্থন করলো। এই অনুমোদন হচ্ছে স্থানীয় কমিউনিটিগুলোর পুনরুদ্ধার এবং পুনর্নির্মাণ অব্যাহত রাখার লক্ষ্যে ফেডারেল সরকার কাছ থেকে আর্থিক সহায়তা পাওয়ার পরবর্তী পদক্ষেপ। ধ্বংসাবশেষ অপসারণ, জরুরি প্রতিরক্ষামূলক ব্যবস্থা এবং রাস্তাঘাট, পাবলিক স্কুল, সেতু, পার্ক, হাসপাতাল, থানা, ফায়ার হাউস, পানি ও বর্জ্য তরল শোধনাগার স্থাপনা এবং অন্যান্য সরকারি স্থাপনা সহ সরকারি মালিকানাধীন অবকাঠামো মেরামত ও পুনর্নির্মাণের মত কর্মকান্ডের জন্য FEMA-র সরকারি সহায়তা (Public Assistance) কর্মসূচির জন্য ক্ষতিপূরণ পাওয় যাবে।

ঘোষণায় অন্তর্ভুক্ত 18টি কাউন্টি হল শটোকোয়া, শেনাঙ্গো, কোর্টল্যান্ড, এরি, এসেক্স, ফুলটন, হ্যামিল্টন, হারকাইমার, জেফারসন, লিউইস, ম্যাডিসন, মন্টগোমারি, ওনাইডা, ওসওয়েগো, অটসেগো, সারাটোগা, টিওগা এবং ওয়ারেন কাউন্টি।

"ফেডারেল সরকার এই ঝড়ের ফলে জনসাধারণের অবকাঠামোগত ক্ষয়ক্ষতি সম্পর্কে আমাদের বিশেষজ্ঞদের মূল্যায়নকে সমর্থন করেছে, তবে এই কমিউনিটিগুলোকে পুনর্গঠনে সহায়তা করার জন্য আমাদের যে সহায়তা প্রয়োজন এটি হচ্ছে কেবলমাত্র তার প্রথম পদক্ষেপ," **গভর্নর কুওমো বলেন।** "ঝড়ের পরদিন সকালে আমি ঘটনাস্থলে ছিলাম এবং শত শত বাড়ির ঘরের ভয়াবহ ক্ষয়ক্ষতি সরাসরি প্রত্যক্ষ করেছি এবং এই পরিবারগুলোর জীবন পুনরুদ্ধার এবং পুনর্নির্মাণের জন্য প্রয়োজনীয়

তহবিল তাৎক্ষণিকভাবে নিশ্চিত করার উদ্দেশ্যে ফেডারেল সরকারকে এখনই তার ভূমিকা নিতে হবে।"

ফেডারেল সরকার ব্যক্তিগত সহায়তা কর্মসূচির আওতায় গৃহ মালিকদের সহায়তার উদ্দেশ্যে করা নিউ ইয়র্কের আবেদনের বিষয়ে এখনও কোনো সিদ্ধান্ত গ্রহণ করেনি। গভর্নরের আবেদনে কিভাবে 18টি বাড়ি ধ্বংস হয়েছে, 135টির গুরুতর ক্ষয়ক্ষতি হয়েছে, 136টির সামান্য ক্ষতি এবং 110 অন্য কোনোভাবে ঝড়ের প্রভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তা বিস্তারিত বর্ণনা করা হয়েছে।

ফেডারেল বিপর্যয় ঘোষণা জারি ফলে স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES) সরকারি সহায়তা কর্মসূচির মাধ্যমে ক্ষতিপূরণের আবেদনের জন্য পুনরুদ্ধার প্রকল্পগুলো শনাক্ত করতে স্থানীয় অংশীদারদের সাথে কাজ করবে। FEMA এরপরে প্রকল্পগুলোর উপযুক্ততা পর্যালোচনা করবে এবং যথাযথভাবে প্রকল্পগুলোর পরিসর পর্যালোচনা করতে এবং সংযুক্তকরণের উদ্দেশ্যে বিভাগ এবং স্থানীয় কর্মকর্তাদের সাথে ঘটনাস্থল পরিদর্শন করবে। প্রকল্প চিহ্নিত এবং ঘটনাস্থলের প্রাথমিক পরিদর্শন হয়ে গেলে, FEMA, বিভাগের কর্মী এবং স্থানীয়রা প্রকল্পইর ওয়ার্কশিটটি তৈরি করবে, যার মধ্যে ক্ষয়ক্ষতির বিবরণ, কাজের ব্যাপ্তি এবং ব্যয়ের অনুমানিক হিসেব অন্তর্ভুক্ত রয়েছে। FEMA-র চূড়ান্ত উপযুক্ততা পর্যালোচনার পর, প্রকল্পটি তখন নিশ্চিতভাবেই তহবিল পায়।

**হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি পরিষেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services) কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেন,** "এই বছরের হ্যালোইন ঝড়টি আপস্টেট নিউ ইয়র্কের উপর এক বিপর্যয়কর প্রভাব ফেলেছিল, এবং স্টেটের সংস্থাগুলো আমাদের স্থানীয় অংশীদারদের সাথে মা প্রকৃতির দ্বারা সৃষ্ট ক্ষয়ক্ষতির মূল্যায়ন ও মেরামতের উদ্দেশ্যে কাজ চালিয়ে যাচ্ছে। ফেডারেল সরকারের সঠিক কাজ করার এবং একটি গুরুরত বিপর্যয় প্রজ্ঞাপনের জন্য গভর্নরের আহ্বানে সাড়া দেয়ার ফলে, ক্ষতিগ্রস্থ কমিউনিটিগুলোর এখন পুনরায় আরও ভালো করে গড়ে তোলার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ তহবিলে প্রবেশাধিকারের সক্ষমতা হয়েছে।"

ন্যাশনাল ওয়েদার সার্ভিস (National Weather Service) ও নিউ ইয়র্ক স্টেট মেজোনেট (New York State Mesonet) এর তথ্য জানাচ্ছে যে ঝড়ের সময় আপস্টেট নিউ ইয়র্কে সামগ্রিকভাবে দুই থেকে পাঁচ ইঞ্চি সহ ছাড়াছাড়া সাত ইঞ্চি পর্যন্ত বৃষ্টি হয়েছে। যদিও এটি 31 অক্টোবর শুরু হয় এবং 1 নভেম্বর পর্যন্ত স্থায়ী হয়, তবে অধিকাংশ বৃষ্টি ছয় ঘন্টার মধ্যে পড়ে। এই ঝড়টি প্রবল বৃষ্টিপাত, আকস্মিক বন্যা এবং শক্তিশালী বায়ু প্রবাহের সৃষ্টি করেছিল। ঘটনা হল, পশ্চিম কানাডা ক্রিক-এ হিংকলি ড্যাম এবং কাস্ট ব্রিজ, লিটল ফলসের হোপ এবং মোহক নদীর সাকান্ডাগা নদীতে বন্যা রেকর্ড মাত্রায় পৌঁছায়। মোহক উপত্যকার কিছু বাসিন্দাকে সরিয়ে নিতে হয়েছে, যার মধ্যে রয়েছে মোয়ার ক্রিকের কাছে হারকিমার কাউন্টির ফ্রাঙ্কফোর্ট গ্রামের বাসিন্দা এবং সকোইট ক্রিকের কাছে ওনিডা কাউন্টির চ্যাডউইকসের বাসিন্দা। চল্লিশটি স্টেট ও টাস্ক ফোর্স 2-এর স্থানীয় সদস্য, স্টেটের সুইফট ওয়াটার রেসকিউ টিম, ঝড়ের সময় 65 জন মানুষ ও 14 টি পশু উদ্ধার করেছে।

ঝড় চলাকালে, 100টিরও বেশি স্টেট সড়ক ক্ষতিগ্রস্ত, বন্ধ বা অন্যথায় অগম্য হয়েছে বন্যা থেকে সৃষ্ট এই ঘটনায় যাতে একাধিক রাস্তা, সেতু এবং কালভার্ট ডুবে গেছে। বেশ কিছু আবহাওয়া-সংক্রান্ত কারণে ক্ষতি হয়েছে যার মধ্যে আছে সড়কপথের ক্ষয় এবং সেতুর ক্ষতি থেকে শুরু করে কালভার্ট ও সড়কপথ সম্পূর্ণ ধ্বংস। গত 31 অক্টোবর থেকে 2 নভেম্বরের মধ্যে নিউ ইয়র্ক স্টেটের উপর দিয়ে বয়ে যাওয়া প্রবল বৃষ্টি, দমকা হাওয়া এবং ঝড়ো হাওয়ায় ক্ষতিগ্রস্ত 650,000 এরও বেশি ইলেকট্রিক গ্রাহকদের বিদ্যুৎ পুনরুদ্ধার করতে হয় ইউটিলিটি কর্মীদের। এর চোটে, বিদ্যুৎ ছাড়া ছিলেন 246,621 জন গ্রাহক।

গত 1 নভেম্বর গভর্নর কেয়ুগা, চতাকুয়া, কর্টল্যান্ড, ডাচেস, এরি, এসেক্স, হ্যামিল্টন, হারকিমার, জেফারসন, মন্টগোমারি, ওনিডা, সারাটোগা এবং ওয়ারেন কাউন্টির জন্য জরুরি অবস্থা ঘোষণা করেন। স্থানীয়দেরকে পরিস্থিতি মোকাবেলা ও পরিচ্ছন্ন কর্মকান্ডে সহায়তা করার উদ্দেশ্যে, ঝড়ের আগে, চলাকালে এবং তার পরে, গভর্নর কুওমো একাধিক স্টেট সংস্থার পক্ষ থেকে বিভিন্ন ধরনের স্টেট পরিস্থিতি মোকাবেলা সরঞ্জাম, কয়েকশ স্টেট কর্মী, ন্যাশনাল গার্ডের সদস্য এবং অন্যান্য বিভিন্ন সংস্থান মোতায়েন করার নির্দেশনা প্রদান করেন। এছাড়াও গভর্নর অধিবাসীদেরকে ঝড়ের পরে অবিলম্বে স্টেট, কাউন্টি এবং অলাভজনক সংস্থার দেওয়া পুনরুদ্ধার সেবা প্রদান করার জন্য মোহক উপত্যকা ও উত্তর দেশের সর্বত্র নয়টি দুর্যোগ সহায়তা সেবাকেন্দ্র প্রতিষ্ঠা করেন।

**DHSES সম্পর্কে**

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (DHSES) সন্ত্রাসবাদ, মানবসৃষ্ট ও প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরি পরিস্থিতি থেকে রক্ষা পেতে, তাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে, প্রস্তুত থাকতে, সাড়া দিতে এবং উদ্ধার পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্বে সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য DHSES ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটারে @NYSDHSES টুইটার বা ইন্সটাগ্রামে অনুসরণ করুন অথবা dhses.ny.gov পরিদর্শন করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন